Web Adm
[handwritten initials and date]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
☎ ০২-৮৮৭৯২৯৯ ফ্যাক্স নং-০২-৮৮৭৯১৯৯
E-mail : ce@rhd.gov.bd

স্মারক নং- ৩৫.০১.০০০০.৩৬৮.০৫.০০৫.২০-২৭৩ তারিখঃ 29/09/2020

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এ অন্তর্ভূক্ত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ১ম সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| প্রধান অতিথি | ঃ | কাজী শাহরিয়ার হোসেন<br>প্রধান প্রকৌশলী<br>সড়ক ও জনপথ অধিদপ্তর<br>সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা |
| সভাপতি | ঃ | মোঃ রেজাউল করিম<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ<br>ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং,<br>সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।<br>ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| তারিখ ও সময় | ঃ | ২১/০৯/২০২০ খ্রীস্টাব্দ , বিকাল ০৩:০০ ঘটিকা |
| স্থান | ঃ | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর এর সম্মেলন কক্ষ<br>সড়ক ভবন, তেজঁগাও, ঢাকা। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট – 'ক'। |

প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর ও সভার প্রধান অতিথি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন. সভার শুরুতে প্রধান প্রকৌশলী মহোদয় "জাতীয় শুদ্ধাচার কৌশল, কর্মপরিকল্পনা ২০২০-২১ এ অন্তর্ভূক্ত দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন কার্যক্রমের আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনে আয়োজিত এই সভার উপর গুরুত্বারোপ করেন। বর্তমান সরকার ঘোষিত ভিশন-২০২১ বাস্তবায়নে জাতীয় শুদ্ধাচার কৌশোল কর্ম-পরিকল্পনা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে এবং দুর্নীতিরোধে সহনশীল মাত্রায় ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

প্রধান অতিথি, সভার সভাপতি অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, ঢাকা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভার বিষয়বস্তু এবং বিগত সভার অগ্রগতি সম্পর্কে সকলকে অবহিত করার জন্য আহবান করেন। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং সওজ অধিদপ্তরের কর্ম-পরিকল্পনার বিষয়টি সভায় উপস্থাপন করেন এবং বিগত ২৩-০৯-২০১৯ তারিখে অনুষ্ঠিত অংশীজনের সভায় সিদ্ধান্তের আলোকে গত এক (১) বছরে অধিদপ্তর কর্তৃক গৃহীত পদক্ষেপ সম্পর্কে সবাইকে অবহিত করেন। এরপর সভাপতি 'অংশীজন সভা' অনুষ্ঠানে উপস্থিত অংশীজনদের তাদের বক্তব্য প্রদানের আহবান করেন।

**সাংগঠনিক সম্পাদক, বাংলাদেশ সড়ক ও জনপথ ঠিকাদার সমিতি, ঢাকা**

তিনি সবাইকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শুরু করেন। জনাব আবেদীন সড়ক ও জনপথ অধিদপ্তরের বিভিন্ন ক্রয় কার্যে অংশগ্রহণকারী ঠিকাদারদের পরিচয় পত্র প্রদানের বিষয়টি বিবেচনার জন্য অনুরোধ করেন। এছাড়া সওজ এর আওতায় নির্মিত সড়ক ব্যতীত অন্যান্য স্থাপনা সমূহ যেমন, বাসা-বাড়ী, বাউন্ডারী ওয়াল, স্ট্যাক ইয়ার্ড ইত্যাদি মেরামত/রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন কাজ পৃথক উইং বা সার্কেল এর মাধ্যমে করা যায় কিনা সে বিষয়ে দৃষ্টি আকর্ষন করেন।

**সাধারন সম্পাদক, বাংলাদেশ সড়ক ও জনপথ ঠিকাদার সমিতি, ঢাকা**

সাধারন সম্পাদক, সড়ক ও জনপথ ঠিকাদার সমিতি বিগত সভায় ঠিকাদার সমিতির বক্তব্য তুলে ধরেন। তিনি জানান চলমান রেট শিডিউলে ঠিকাদারদের লভ্যাংশ পূর্বের ন্যয় শতকরা ৫ ভাগই রয়ে গেছে। এছাড়া রেট শীডিউলে বিভিন্ন নির্মাণ সামগ্রীর যে দর উল্লেখ রয়েছে তার চেয়ে বর্তমানে বিভিন্ন নির্মাণ সামগ্রীর দর প্রায় ২০%-৩০% বৃদ্ধি পেয়েছে। এছাড়া সওজ এর ক্রয় কার্যে ঠিকাদারদের ১০% কম দর উদ্ধৃত করে ক্রয় কার্যে অংশগ্রহণ করতে হয়। এত কম লভ্যাংশ এবং বাজার দরে নির্মাণ সামগ্রী ক্রয় করে কাজ করে মানসম্মত রাস্তা নির্মাণ/মেরামত করা অত্যন্ত দুরুহ। তাই অধিদপ্তর যদি টেকসই ও মানসম্মত সড়ক মেরামত/উন্নয়ন/নির্মাণ করতে চায়, তাহলে নতুন রেট শিডিউল যথোপযুক্তভাবে পরিবর্তনপূর্বক হালনাগাদ করার অনুরোধ জানান।

**সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ শ্রমিক-কর্মচারী ইউনিয়ন, ঢাকা**

বক্তব্যের শুরুতেই সবাইকে ধন্যবাদ জানিয়ে আলোচনা শুরু করেন। ইতিমধ্যে ৩১টি মামলার রায়ের আলোকে কর্মচারীদের নিয়মিত করা হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। কর্মচারীদের নিয়মিতকরণের জন্য পদ না থাকলে সমপদে/স্ব-স্ব স্কেলে পদায়নের মাধ্যমে নিয়মিতকরণ করা যায় কি না বিষয়টি বিবেচনা করার জন্য অনুরোধ করেন। এছাড়া কর্মচারীদের নিয়মিতকরণের আরো ২০টি মামলার রায় মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদান করা হয়েছে। বর্তমানে রায়সমূহ সুপ্রীম কোর্টে প্রক্রিয়াধীন রয়েছে। সুপ্রীম কোর্ট বন্ধ থাকায় রায়ের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত পাওয়া যাচ্ছেনা। হাইকোর্টের রায় বিবেচনায় নিয়ে আইন মন্ত্রনালয়ের মতামত চাওয়া যেতে পারে কিনা সে বিষয়ে তিনি অনুরোধ করেন। বাংলাদেশ সড়ক গবেষণাগার কম্পাউন্ডে একটি আন্তর্জতিক মানের ট্রেনিং সেন্টার ও ল্যাবরেটরি নির্মাণের উদ্যোগ গ্রহণের জন্য তিনি সওজ এর সকলকে ধন্যবাদ জানান। কিন্তু এ প্রেক্ষিতে বর্তমানে উক্ত কম্পাউন্ডে বসবাসরত সওজ কর্মচারীদের পুর্নবাসনের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করার জন্য আহ্বান জানান।

**সাধারন সম্পাদক, সড়ক ও জনপথ মেকানিক্যাল ইউনিয়ন**

তিনি সাধারন সম্পাদক, সওজ শ্রমিক কর্মচারী ইউনিয়ন এর বক্তব্যের সাথে একমত পোষন করেন। তিনি জানান বিভিন্ন উন্নয়ন কাজ ও বহুতল ভবন নির্মাণের জন্য সওজের অনেক জায়গা হতে বসবাসরত কর্মচারীদের উচ্ছেদের নোটিশ প্রেরণ করা হচ্ছে। সাধারন কর্মচারীদের আবাসনের ব্যবস্থা করে পরে জায়গা খালি করার জন্য তিনি অনুরোধ করেন।

**সভাপতি, সড়ক ও জনপথ শ্রমিক-কর্মচারী ইউনিয়ন, ঢাকা**

তিনিও সাধারন সম্পাদক, সওজ শ্রমিক কর্মচারী ইউনিয়ন এর বক্তব্যের সাথে একমত পোষন করে অবশিষ্ট প্রায় ১১৬৩ জন ওয়ার্কচার্জড কর্মচারীদের নিয়মিত করণের প্রক্রিয়া গ্রহণ করলে, দীর্ঘদিন সেবা প্রদানকারী এ সকল কর্মচারী সরকার প্রদত্ত সুযোগ-সুবিধা নিয়ে আরো ভালোভাবে থাকতে পারবে। ল্যাবরেটরী কম্পাউন্ড সহ অন্যান্য যে কোন স্থানে স্থাপনা নির্মাণের জন্য বসবাসরত স্থায়ী/অস্থায়ী সকল কর্মচারীদের পূণর্বাসন করে পরে উক্ত স্থপনা নির্মাণের জন্য অনুরোধ করেন।

**সাধারন সম্পাদক, সড়ক ও জনপথ ডিপ্লোমা প্রকৌশলী সমিতি**

সারাদেশে উপ-সহকারী/সহকারী প্রকৌশলী এবং বিভিন্ন জেলায় উপ-বিভাগীয় ও নির্বাহী প্রকৌশলীদের আবাসনের যথেষ্ট ব্যবস্থা নেই মর্মে তিনি সভায় জানান। এছাড়া সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান প্রকৌশোলী মহোদয় এর কোন সরকারী আবাসন নেই। প্রস্তাবিত দাপ্তরিক কাঠামো বিবেচনা করে ছোট ছোট বিল্ডিং না করে বহুতল ভবন নির্মাণের মাধ্যমে আবাসন সমস্যার সমাধান করা যেতে পারে বলে তিনি উল্লেখ করেন। এছাড়া জাতীয় শুদ্ধাচার কৌশল, কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে জোনভিত্তিক সকল কর্মচারীদের প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। নানা ধরনের সমস্যা ও প্রতিকূলতার মোকাবিলা করে মাঠ পর্যায়ে বিভিন্ন স্তরের কর্মকর্তা/কর্মচারীদের কাজ করতে হয়। এতে কিছু ত্রুটি-বিচ্যুতি ঘটতে পারে। তাই যে কোন ব্যবস্থা গ্রহণের পূর্বে যথাযথ যাচাই করে ব্যবস্থা নিলে ভালো হয়, অন্যথায় কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে হতাশার সৃষ্টি হয়।

**কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক, নিরাপদ সড়ক চাই**

বিগত সভায় গৃহীত অধিকাংশ সিদ্ধান্ত বাস্তবায়ন করায় এবং কয়েকটি কার্যক্রম চলমান থাকায় ধন্যবাদ দিয়ে তিনি বক্তব্য শুরু করেন। আসন্ন নিরাপদ সড়ক দিবসের প্রতিপাদ্য হিসেবে "মুজিব বর্ষের শপথ – সড়ক করব নিরাপদ" শ্লোগান-টি ঠিক হয়েছে। ইতোমধ্যে সওজ কর্তৃক অনেকগুলো ব্ল্যাক স্পট প্রতিকার করা হয়েছে। অবশিষ্ট ব্ল্যাক স্পট সমূহ ধারাবাহিকভাবে অপসারনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ করেন। এছাড়া চলমান বর্ষায় ক্ষতিগ্রস্থ সড়কসমূহ দ্রুত মেরামতের জন্য অনুরোধ জানান।ঠিকাদারগণ যাতে কাজের গুনগত মান বজায় রেখে কাজ সম্পন্ন করতে পারেন সে লক্ষ্যে ঠিকাদারদের লভ্যাংশের বিষয়টি বিবেচনায় নিয়ে রেট-শিডিউল হালনাগাদ করার জন্য অনুরোধ করেন।

**সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ প্রকৌশলী সমিতি**

বক্তব্যের শুরুতে সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ প্রকৌশলী সমিতি, কভিড-১৯ এর জন্য সরকার কর্তৃক ঘোষিত প্রনোদনা যাতে সওজ এর কর্মকর্তা/কর্মচারীগণ পায় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। পূর্বের চেয়ে সওজ এর কাজের পরিধি অনেক বৃদ্ধি পেয়েছে। তাই টেকসই উন্নয়ন চলমান এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা যথযথভাবে বাস্তবায়নের জন্য প্রস্তাবিত Organogram দ্রুত অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জোর তাগিদ প্রদান করেন।

যথাসময়ে পদোন্নতি বর্তমান সরকারের প্রনোদনার একটি অংশ। যথাসময়ে পদোন্নতি নিশ্চিতকরণের জন্য Supernumerary/In-situ পদে পদোন্নতি প্রদানের বিষয়টি বিবেচনা করা উচিত। কর্মকর্তা/কর্মচারীদের চাকরী ও সুশাসন সংক্রান্ত প্রশিক্ষন বেশী বেশী করে আয়োজনের উপর গুরুত্বারোপ করেন। প্রতি বছরের ন্যায় এবছর ও নতুন রেট-শিডিউল প্রণয়নের সিদ্ধান্ত নেয়া হয়েছে এবং ঠিকাদারদের লভ্যাংশ বৃদ্ধির বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

নিরাপদ সড়ক নিশ্চিত করনের জন্য সওজ হতে ইতোমধ্যে অনেকগুলো ব্ল্যাক স্পট অপসারন করা হয়েছে। এছাড়া ইতোমধ্যে অন্যান্য Engineering action যেমন, Rest Area নির্মাণ ও Axle Load Control Station স্থাপন করা হয়েছে। এছাড়া সারাদেশে রোড-মার্কিং, সাইন-সিগন্যাল স্থাপনের জন্য পৃথক একটি প্রকল্প হাতে নেয়া হয়েছে। এ প্রকল্প সমাপ্ত হলে সারাদেশে দূর্ঘটনা বহুলাংশে কমে আসবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

**সভাপতি, সড়ক ও জনপথ প্রকৌশলী সমিতি**

বিদ্যমান পরিস্থিতির মধ্যেও অংশীজনের সভায় উপস্থিত হওয়ার জন্য তিনি সকলকে ধন্যবাদ জানান। কর্মচারীদের যথাযথ পূনর্বাসন এবং ঠিকাদার সমতির প্রতিনিধিগণ কর্তৃক উত্থাপিত দাবীর বিষয়ে যথানিয়মে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি অনুরোধ করেন। এছাড়া সওজ এর যে কোন দরপত্রে শিডিউল বহির্ভূত যে কোন আইটেম অন্তর্ভূক্ত করতে হলে তা যথানিয়মে প্রধান প্রকৌশলী, সওজ কর্তৃক অনুমোদন পূর্বক অন্তর্ভূক্ত করা হয় মর্মে তিনি জানান। তিনি বছরে একাধিকবার অংশীজন সভার আয়োজনের প্রস্তাব প্রদান করেন।

**অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, ঢাকা**

সীমিত সম্পদের সর্বোচ্চ ব্যবহার করে সওজ এর কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষনের আয়োজন করা হচ্ছে মর্মে তিনি জানান। এছাড়া কেউ যদি কোন নির্দিষ্ট বিষয়ে প্রশিক্ষন নিতে আগ্রহী হন সেক্ষেত্রে সওজ প্রশিক্ষণ কেন্দ্রের সাথে যোগাযোগ করলে তদানুযায়ী ব্যবস্থা নেয়া হবে। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী প্রত্যেক প্রান্তিকের শেষে একবার অংশীজন সভার আয়োজন করা হবে বলে সবাইকে অবহিত করেন।

**যুগ্মসচিব (আইন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**

ঠিকাদারদের দাবীকৃত Defect Liability Period, লভ্যাংশ এবং সওজ কর্মচারীদের নিয়মিতকরণের বিষয়ে মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সব সময় সহমর্মিতা প্রকাশ করেন বলে যুগ্মসচিব মহোদয় জানান। কর্মচারীদের আবাসন সমস্যা সমাধানের লক্ষ্যে বহুতল ভবন নির্মাণে বিলম্ব হলে প্রয়োজনে সেমি-পাকা ঘর নির্মাণ করেও হলেও সমস্যা সমাধানের উপর গুরুত্বারোপ করেন। এছাড়া আদালতের রায় পাওয়া গেলে অবশিষ্ট কর্মচারীদের নিয়মিতকরণের ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে তিনি জানান।

উক্ত আলোচনা সভার প্রেক্ষিতে সভার সম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় –

| ক্রঃ নং | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। | বর্তমান বাজার দর যাচাই পূর্বক রেট-শিডিউল হালনাগাদকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ টেকনিক্যাল সার্ভিসেস উইং , ঢাকা। |
| ২। | আদালতের রায় অনুযায়ী অবশিষ্ট ওয়ার্কচার্জড কর্মচারীদের নিয়মিতকরণ কার্যক্রম অব্যহত রাখতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ প্রশাসন ও সংস্থাপন, ঢাকা। |
| ৩। | উপ-সহকারী প্রকৌশলীদের আবাসন সমস্যা সমাধানের লক্ষ্যে প্রয়োজন অনুযায়ী নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ সকল জোন। |
| ৪। | সওজ নেটওয়ার্কে বিদ্যমান ব্ল্যাক স্পট সমূহ অপসারনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ টেকনিক্যাল সার্ভিসেস উইং , ঢাকা। |
| ৫। | সওজ এর কর্মকর্তা ও কর্মচারীদের চাকরী ও সুশাসন সংক্রান্ত প্রশিক্ষন অব্যহত রাখতে হবে। | পরিচালক (তত্ত্বাবধায়ক প্রকৌশলী), সওজ প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর, ঢাকা। |
| ৬। | যথাসময়ে পদোন্নতি নিশ্চিত করণের জন্য Supernumerary/In-situ পদে পদোন্নতি প্রদানের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, ঢাক। |

২৭/০৯/২০২০

(মোঃ রেজাউল করিম)
পরিচিতি নং-০০০৪৫২
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ), সওজ
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
ও
সভাপতি, অংশীজন সভা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে পেশ করা হলো ঃ

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা ও সদস্য সচিব, সওজ নৈতিকতা কমিটি।

৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, টেকনিক্যাল সার্ভিসেস উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা জোন, ঢাকা/ ময়মনসিংহ জোন, ময়মনসিংহ/ কুমিল্লা জোন, কুমিল্লা/ সিলেট জোন, সিলেট/ চট্টগ্রাম জোন, চট্টগ্রাম/ রাজশাহী জোন, রাজশাহী/ রংপুর জোন, রংপুর/ খুলনা জোন, খুলনা/ বরিশাল জোন, বরিশাল/ গোপালগঞ্জ জোন, গোপালগঞ্জ।

৫। সভাপতি/সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ প্রকৌশলী সমিতি, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

৭। পরিচালক (তঃপ্রঃ, সওজ), সওজ প্রশিক্ষণ কেন্দ্র, পাইকপাড়া, মিরপুর, ঢাকা।

৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

৯। নির্বাহী প্রকৌশলী, সওজ, তদন্ত বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

১০। সভাপতি, নিরাপদ সড়ক চাই, ৭০, কাকরাইল, ঢাকা-১০০০।

১১। সভাপতি/সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ ডিপ্লোমা প্রকৌশলী সমিতি, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

১২। সভাপতি/সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ শ্রমিক কর্মচারী ইউনিয়ন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

১৩। সভাপতি/সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ কর্মচারী ইউনিয়ন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

১৪। সভাপতি/সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ শ্রমিক ইউনিয়ন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

১৫। সভাপতি/সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ ওয়ার্কসপ এমপ্লয়ীজ ইউনিয়ন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

১৬। সভাপতি/সাধারণ সম্পাদক, সড়ক ও জনপথ ঠিকাদার সমিতি, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

(মোঃ রেজাউল করিম)
পরিচিতি নং-০০০৪৫২
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ), সওজ
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
ও
সদস্য সচিব, সওজ নৈতিকতা কমিটি।